# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 07 April, 2025

গাজায় ইসরায়েলের হত্যাযজ্ঞের প্রতিবাদে বের হওয়া বিক্ষোভ মিছিল থেকে সিলেটসহ দেশের বিভিন্ন স্থানে দোকান ও ব্যবসাপ্রতিষ্ঠান ভাঙচুর ও লুটপাটের ঘটনায় ৪৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার (৮ এপ্রিল) সকালে পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া অ্যান্ড পিআর) ইনামুল হক সাগর এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, গতকাল সোমবার সিলেটসহ দেশের বিভিন্ন শহরে দোকান ও ব্যবসাপ্রতিষ্ঠান ভাঙচুরের ঘটনায় জড়িত ৪৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ।তাদের বিরুদ্ধে মামলা রুজু হয়েছে এবং পরবর্তী আইনগত পদক্ষেপ প্রক্রিয়াধীন।

এআইজি এনামুল হক সাগর আরও বলেন, যেসব প্রতিষ্ঠানে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে সেসব প্রতিষ্ঠানের সিসি ক্যামেরার ফুটেজ দেখে জড়িত সবাইকে আইনের আওতায় আনা হবে।

এর আগে সোমবার রাতে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম সিলেটসহ দেশের বিভিন্ন শহরে দোকানপাট ও ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা ও ভাঙচুরের ঘটনায় দোষীদের গ্রেফতারের নির্দেশ দেন।

আইজিপি বলেছেন, আমাদের কাছে হামলাকারীদের ভিডিও ফুটেজ রয়েছে।তাদের শনাক্ত করা হচ্ছে এবং অতিদ্রুত গ্রেফতার করা হবে। পুলিশ টিম এরই মধ্যে কাজ শুরু করেছে।

এদিকে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম পুলিশের বরাত দিয়ে এক বিবৃতিতে জানিয়েছেন, গাজা সংহতি আন্দোলনের সময় দেশের বিভিন্ন শহরে সহিংসতা ও অবৈধ ঘটনায় জড়িত থাকার অভিযোগে ৪৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ।এ ঘটনায় দুটি মামলা দায়ের করা হয়েছে।বিভিন্ন ঘটনায় তদন্ত এখনো চলছে এবং অতিরিক্ত মামলা দায়েরের প্রস্তুতিও চলছে।

বিবৃতিতে বলা হয়, সহিংস ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নিয়েছে বাংলাদেশ পুলিশ।এ হামলা ও ভাঙচুরের ঘটনা জননিরাপত্তা ও আইনের শাসনের প্রতি চরম অবমাননা।এসব ঘটনায় জড়িত দায়ী ব্যক্তিদের বিচারের আওতায় আনতে দৃঢ় পদক্ষেপ হিসেবে সোমবার রাতে অভিযুক্তদের ধরতে অভিযান পরিচালনা করেছে পুলিশ।পাশাপাশি, আন্দোলনের সময় ধারণ করা ভিডিও ফুটেজ পর্যালোচনা করে আরও জড়িতদের শনাক্ত করার কাজও চলছে।এই অভিযান চলতে থাকবে যতক্ষণ না সহিংসতা ও ধ্বংসযজ্ঞের সাথে জড়িত সবাইকে আইনের আওতায় আনা যায়।

সরকারি বিবৃতিতে তদন্তে সহায়তার জন্য কারও কাছে কোনো তথ্য থাকলে তা পুলিশকে জানানোর জন্য সরকারের পক্ষ থেকে আহ্বান জানানো হয়।সমাজের শান্তি ও স্থিতিশীলতা বিনষ্ট করার অপচেষ্টা যারা করছে, তাদের অবশ্যই জবাবদিহির মুখোমুখি করতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

ভাংচুর হামলা সিলেট খুলনার-খবর গ্রেফতার বিক্ষোভ পুলিশ আইজিপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:24

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/465880030